জার্মানি

Bundesamt für Migration und Flüchtlinge

euaa EUROPEAN UNION AGENCY FOR ASYLUM

# আশ্রয় ও অভিবাসন ব্যবস্থাপনা নীতি সম্পর্কে তোমার যা জানা দরকার

টাইপ বি

## তৃতীয় কোনো দেশের নাগরিকদের একটি EU+ দেশে অবৈধভাবে অবস্থান করার প্রমাণ পাওয়া গেছে




BENGALI

# বিষয়বস্তু


তোমাকে এই পুস্তিকাটি দেওয়া হচ্ছে কেন? 3

আশ্রয় ও অভিবাসন ব্যবস্থাপনা নীতি কী? 4

AMMR প্রক্রিয়ায় থাকাকালীন তোমার অধিকার কী হবে? 5

AMMR প্রক্রিয়ায় থাকার সময় তোমার কোথায় থাকা আবশ্যক? 6

এই পদ্ধতিতে তোমার কাছ থেকে কী আশা করা হচ্ছে? 6

কেন তুমি নিজের আঙুলের ছাপ এবং ছবি দিতে বাধ্য? 7

তুমি যদি তোমার দায়িত্ব পূরণ না করো তাহলে তার পরিণতি কী হবে? 8

ডিটেনশন মানে কী? 9

আমি কিভাবে জানবো যে আমাকে অন্য কোনো EU+ দেশে স্থানান্তর করা হবে কিনা? 10

কতক্ষণ লাগবে? 11

স্থানান্তরের সিদ্ধান্তের সাথে তুমি যদি একমত না হও তাহলে কী হবে? 12

আপিল পদ্ধতি সম্পর্কে তোমার যা জানা দরকার 13

কী ধরণের ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হবে? 14

তোমার ব্যক্তিগত তথ্যের ক্ষেত্রে তোমার অধিকার কী থাকবে? 15

## তোমাকে এই পুস্তিকাটি দেওয়া হচ্ছে কেন?

তোমাকে অনুমতি ছাড়াই এই দেশে অবস্থান করতে দেখা গেছে, এই কারণে তোমার আঙুলের ছাপ এবং ছবি তোলা হয়েছে, এই তথ্যটি ইউরোড্যাক ডাটাবেসে প্রেরণ করা হয়েছে এবং দেখা গেছে যে তোমার নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে একটি ছিল:

– আগে অন্য কোনো EU+ দেশে আন্তর্জাতিক সুরক্ষা (আশ্রয় নামে ও পরিচিত) এর জন্য আবেদন করেছিলে।

– তুমি যে EU+ দেশে এখন আছো তার বাইরে অন্য কোনো EU+ দেশে স্থানান্তর করা হয়েছিল।

– তুমি বর্তমানে যে দেশে আছো সেটি ব্যতীত অন্য কোনো EU+ দেশে ইউরোপীয় বা জাতীয় পুনর্বাসন বা মানবিক আশ্রয়দান প্রকল্পের অধীনে পুনর্বাসিত হয়েছিলে।

যেহেতু দেখা গেছে যে তোমাকে অন্য কোনো EU+ দেশে উপস্থিত থাকতে হতে পারে, তাই তোমাকে কোন EU+ দেশে স্থানান্তর করা উচিত তা নির্ধারণের জন্য একটি পদ্ধতি স্থির করা হয়েছে।

তুমি সব প্রয়োজনীয় তথ্য এই পুস্তিকাটিতে পাবে।

**তুমি এখন জার্মানিতে আছো যা একটি EU+ দেশ।**
**EU+ দেশগুলি হল:**

ইউরোপীয় ইউনিয়ন (EU) এর 27 সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রিস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বেলজিয়াম, বুলগেরিয়া, মাল্টা, রোমানিয়া, লাতভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং

অন্য 4টি দেশ: আইসল্যান্ড, নরওয়ে, লিশটেনস্টাইন এবং সুইজারল্যান্ড।

# আশ্রয় ও অভিবাসন ব্যবস্থাপনা নীতি কী?

EU+ দেশগুলি আশ্রয় ও অভিবাসন ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ (AMMR) নামে একটি সাধারণ আইন মেনে চলতে সম্মত হয়েছে। এই আইন আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন পরীক্ষা করার জন্য কোন দেশ দায়ী তা নির্ধারণ করতে সাহায্য করে। এটি এমন পরিস্থিতির ক্ষেত্রেও নিয়ম স্থির করে যেখানে কোনো ব্যক্তিকে একটি EU+ দেশে স্থানান্তরিত বা পুনর্বাসিত করা হয়েছিল কিন্তু তাকে অন্য EU+ দেশে অনুমতি ছাড়াই অবস্থান করতে দেখা যায়।

যদি তুমি পূর্বে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করে থাকো, তাহলে তোমাকে নিশ্চিত করা হবে যে EU+ দেশগুলির মধ্যে যেকোনো একটি তোমার সেই আবেদন পরীক্ষা করবে কিন্তু কোন EU+ দেশ এর জন্য দায়ী থাকবে তা তুমি বেছে নিতে পারবে না। কোন দেশ তোমার আবেদন পরীক্ষা করবে তা AMMR আইনের নিয়ম অনুযায়ী ঠিক করা হবে।

এই পুস্তিকাটিতে যদি এমন কিছু থাকে যা তুমি না বোঝো, তাহলে একজন অভিবাসন অফিসারকে সেটি জিজ্ঞাসা করতে পারো।



এই মুহূর্তে, EU+ দেশগুলি কেবল এটি সিদ্ধান্ত নিচ্ছে যে তাদের মধ্যে কে তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়ী অথবা তোমাকে অন্য EU+ দেশে উপস্থিত থাকতে হবে কিনা।

যদি ঠিক করা হয় যে অন্য কোনো EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বশীল, বা তোমাকে অন্য কোনো EU+ দেশে থাকতে হবে, তাহলে সম্ভবত তোমাকে সেই দেশে স্থানান্তরিত করা হবে।

## AMMR প্রক্রিয়ায় থাকাকালীন তোমার কী কী অধিকার আছে?



তোমার এই অধিকারও আছে যে তুমি জানতে পারো প্রক্রিয়া কেমন চলছে, ঠিক কোন EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করবে। আপডেট জানতে হলে, তুমি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে পারো নিজের ফাইল নম্বর উল্লেখ করে ফেডারেল অভিবাসন ও শরণার্থী দপ্তর (BAMF)-এর সাথে যোগাযোগ করতে পারো। এটি নিম্নলিখিত উপায়ে করা যেতে পারে: তোমার মামলার দায়িত্বে থাকা ZBV কেন্দ্রে ডাকযোগে, অথবা service@bamf.bund.de এই ঠিকানায় ইমেইলের মাধ্যমে।

আশ্রয় প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে তোমার জাতিসংঘের শরণার্থী সংস্থা (UNHCR)-এর সাথে যোগাযোগ করার এবং আলোচনা করার অধিকার রয়েছে।

UNHCR আশ্রয়প্রার্থী এবং উদ্বাস্তুদের স্বার্থ এবং অধিকার রক্ষা করে।

UNHCR -এর সাথে যোগাযোগের বিশদ বিবরণ এবং আশ্রয় প্রক্রিয়া সম্পর্কিত তথ্য UNHCR ওয়েবপৃষ্ঠা https://help.unhcr.org/ -এ পাওয়া যাবে।

## তুমি AMMR প্রক্রিয়া চলাকালীন কোথায় থাকা আবশ্যক?



- এ সময়ের জন্য তোমাকে এই দেশে থাকতে হবে।
- যদি কর্তৃপক্ষ ঠিক করেন যে অন্য কোনো EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করবে, তাহলে কর্তৃপক্ষ সেই দেশে তোমার যাওয়ার আয়োজন করবে।

## এই প্রক্রিয়ায় তোমার থেকে কী আশা করা হচ্ছে?

তোমাকে অবশ্যই করতে হবে:

- তোমার সব পরিচয়পত্রের নথি দেখাতে হবে নিজের পরিচয় প্রমাণ করার জন্য।
  যদি তোমার কাছে আগে কোনো পরিচয়পত্র থেকে থাকে কিন্তু তা বর্তমানে আর তোমার কাছে না থাকে, তবুও কর্তৃপক্ষকে জানানো উচিত যে তোমার দেশের সরকার তোমাকে অতীতে একটি পরিচয়পত্র দিয়েছিল।
- কর্তৃপক্ষকে জানাও তুমি কখনো অন্য কোনো EU+ দেশে গেছো কিনা।
- কর্তৃপক্ষকে জানাও যদি তুমি কোনো EU+ দেশে অনুমতি ছাড়া বাস করে থাকো।
- কর্তৃপক্ষকে জানাও যদি তোমার এই দেশে বা অন্য কোনো EU+ দেশে ঘনিষ্ঠ আত্মীয় থাকে।

**গুরুত্বপূর্ণ** আইনত তোমার নিজের আঙুলের ছাপ দেওয়ার এবং তোমার ছবি তুলতে দেওয়ার বাধ্যবাধকতা রয়েছে।

## তোমার আঙ্গুলের ছাপ এবং ছবি তুলতে দিতে কেন তুমি বাধ্য?

এই দেশের কর্তৃপক্ষ তোমার আঙ্গুলের ছাপ এবং ছবি নেবে। এই তথ্য, তোমার পরিচয় সম্পর্কিত তথ্য এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্যের সাথে মিলে, ইউরোড্যাক নামে একটি শেয়ার করা ইউরোপীয় ডাটাবেসে পাঠানো হবে।

এই ডাটাবেসটি সব 31টি EU+ দেশ ব্যবহার করে, যারা তোমার তথ্য প্রক্রিয়াকরণ করার জন্য পুনরুদ্ধার করতে পারে । যদি তুমি অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে যাও এবং তোমার আঙ্গুলের ছাপ আবার নেওয়া হয়, ইউরোড্যাক –এ সংরক্ষিত তোমার সব তথ্য সেই দেশের কর্তৃপক্ষ দেখতে পারবে।

ইউরোড্যাক ডাটাবেস সম্পর্কে আরও তথ্য একটি আলাদা পুস্তিকাতে দেওয়া আছে।



## তুমি যদি কখনও তোমার বাধ্যবাধকতা পূরণ না করো তাহলে ফলাফল কী হবে?

যদি তুমি অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে যাও বা অন্য কোনো EU+ দেশে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করো, তাহলে সম্ভবত তোমাকে সেই EU+ দেশে ফেরত পাঠানো হবে যেটি তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্ব প্রাপ্ত।

যদি তুমি তোমার যেখানে প্রয়োজন সেই দেশের বাইরে অন্য কোনো EU+ দেশে থাকো, তাহলে তোমার স্বাধীনতা সীমিত হতে পারে এবং তুমি কম সহায়তা পেতে পারো।

## ডিটেনশন মানে কী ?

ডিটেনশন মানে হলো তোমাকে এমন একটি নির্দিষ্ট স্থানে রাখা হবে যেখান থেকে তুমি স্বাধীনভাবে বের হতে পারবে না। কর্তৃপক্ষের কাছে তোমাকে আটক করার বৈধ কারণ থাকতে হবে। তাদের নিশ্চিত হতে হবে যে তোমার ক্ষেত্রে অন্য কোনো বিকল্প সম্ভব নয়। কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেওয়ার আগে তোমার ব্যক্তিগত পরিস্থিতি মূল্যায়ন করবে। এইসব ডিটেনশনের কারণ হতে পারে, যেমন:

- তুমি নির্দিষ্ট জায়গায় থাকার নিয়ম মানোনি, আর আবার কোথাও চলে যাওয়ার ঝুঁকি আছে এবং কর্তৃপক্ষ তোমার কাছে পৌঁছাতে পারছে না
- তোমাকে EU + আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত দেশে স্থানান্তর করার সিদ্ধান্ত দেওয়া হয়েছে এবং স্থানান্তরের আগে কোথাও চলে যাওয়ার ঝুঁকি আছে
- তুমি নিরাপত্তাজনিত ঝুঁকি সৃষ্টি করেছো ।

যদি তোমাকে আটক করা হয়, তাহলে তুমি সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারো এবং বিনামূল্যে আইনি সহায়তা ও প্রতিনিধি পেতে পারো।

**গুরুত্বপূর্ণ** তুমি যদি অনুমতি ছাড়া অন্য EU+ দেশে যাও, তাহলে ভবিষ্যতে তোমার আটক থাকার ঝুঁকি বেড়ে যাবে।

## আমি কীভাবে বুঝবো যে আমাকে অন্য কোনো EU+ দেশে স্থানান্তরিত করা হবে?

যদি সিদ্ধান্ত নেওয়া হয় যে অন্য কোনো EU+ দেশ তোমার আবেদনটি প্রক্রিয়াকরণ করবে, তাহলে তুমি একটি স্থানান্তর সিদ্ধান্ত পাবে। এই সিদ্ধান্তে তোমাকে জানানো হবে যে কোন দেশে তোমাকে স্থানান্তর করা হবে।

যদি এটি আন্তর্জাতিক সুরক্ষার জন্য তোমার প্রথম আবেদন না হয়, অথবা যদি ইতিমধ্যেই সিদ্ধান্ত নেওয়া হয়ে থাকে যে অন্য কোনো EU+ দেশ আপনার আবেদনটি প্রক্রিয়াকরণ করবে, তাহলে কর্তৃপক্ষ আপনার ব্যক্তিগত সাক্ষাৎকার নাও নিতে পারে।

তবে, তোমাকে সেই দেশে কেন স্থানান্তর করা উচিত নয় অথবা কেন তোমাকেকে সেই দেশে থাকার অনুমতি দেওয়া উচিত, তা ব্যাখ্যা করার সুযোগ দেওয়া হবে।

অনুগ্রহ করে প্রদত্ত প্রশ্নপত্রটি পূরণ করো এবং প্রশ্নগুলোর উত্তর যত্নসহকারে ও সততার সাথে দাও।

## এই প্রক্রিয়াটি কতটা সময় নেবে?

দেশগুলোর মধ্যে যোগাযোগ সাধারণত **1 মাস** পর্যন্ত সময় নেয়।

যদি অন্য কোনো EU+ দেশ নিশ্চিত করে যে তারা তোমার আবেদন পরীক্ষা করবে, তোমাকে **স্থানান্তর করার অনুরোধ গ্রহণের তারিখ থেকে 6 মাসের মধ্যে** স্থানান্তর করা হবে।

যদি তুমি বর্তমানে **ডিটেনশন এ থাকো বা ভবিষ্যতে ডিটেনশন করা হয়**, তোমার কেস **জরুরী ভিত্তিতে** প্রক্রিয়াকরণ করা হবে। তোমার স্থানান্তর **5 সপ্তাহের** মধ্যে আয়োজন করা উচিত। যদি স্থানান্তর 5 সপ্তাহের মধ্যে করা না হয়, তোমাকে ডিটেনশন থেকে মুক্তি দেওয়া হবে। তবে, তোমার আবেদন পরীক্ষা করার জন্য একটি EU+ দেশ যে তারিখ থেকে দায়িত্বপ্রাপ্ত হবে সেটি তোমার আবেদন গ্রহণ করার তারিখ থেকে **6 মাসের মধ্যে** তোমার স্থানান্তরের ব্যবস্থা করা হবে।

যদি তুমি কোনো অপরাধের জন্য কারাগারে থাকো, স্থানান্তর করার সময়সীমা **সর্বাধিক 1 বছর পর্যন্ত** বাড়ানো যেতে পারে।




**গুরুত্বপূর্ণ** যদি তুমি চলে যাও, স্থানান্তর করার আয়োজনের সময় কর্তৃপক্ষের সাথে সহযোগিতা না করো বা লুকিয়ে থাকো, **স্থানান্তর করার সময়সীমা সর্বাধিক 3 বছর পর্যন্ত বাড়ানো যেতে পারে**।

## যদি তুমি স্থানান্তর করার সিদ্ধান্তের সাথে একমত না হও, তাহলে কী হবে?

যদি ঠিক করা হয় যে অন্য কোনো EU+ দেশ তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত, তাহলে তোমাকে একটি **স্থানান্তর করার সিদ্ধান্ত** দেওয়া হবে। এই সিদ্ধান্তে তোমাকে জানানো হবে কোন দেশে তোমাকে ট্রান্সফার করা হবে।

যদি তুমি স্থানান্তর করার সিদ্ধান্তের সাথে একমত না হও, তুমি তোমার কারণগুলো আদালতে বলতে পারো। একে আপিল বলা হয়। যখন তুমি কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করবে, আদালত বা ট্রাইব্যুনাল চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।

স্থানান্তর করার  সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার মাত্র তিনটি কারণ আছে:

- যদি তুমি দাবি করো যে ঐ নির্দিষ্ট EU+ দেশটিতে স্থানান্তর করলে তোমার মানবাধিকার লঙ্ঘিত হবে।
- স্থানান্তরে করার সিদ্ধান্তের সময় পাওয়া যায়নি এমন নতুন তথ্য যা সেই সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারে।
- তোমার অন্য কোনো EU+ দেশে পরিবার আছে যাদের সাথে তোমাকে মিলিত হতে দেওয়া উচিত।

যদি তোমার নিজস্ব আইনি উপদেষ্টা নিয়োগের সামর্থ্য না থাকে, তাহলে আপিলের ক্ষেত্রে তোমাকে বিনামূল্যে সাহায্য করার জন্য একজন আইনি উপদেষ্টা প্রদান করা হবে।

পুরো প্রক্রিয়া চলাকালীন তোমাকে একজন দোভাষীর দ্বারা সহায়তা করা হবে যিনি এমন ভাষায় কথা বলবেন যা তুমি বুঝতে পারো।

# যখন সাসপেনসিভ এফেক্ট এবং সাবস্ট্যান্টিভ আপিল একসাথে থাকে, তখন আপিল সম্পর্কে যা জানা দরকার

তোমাকে দেওয়া স্থানান্তর করার আপিল দাখিলের সময়সীমা, স্থান এবং পদ্ধতি (গ্রহণযোগ্য আপিল: জরুরি এবং মূল কার্যধারা) ব্যাখ্যা করা হয়েছে।

তোমাকে অন্য EU+ দেশে স্থানান্তর করা সিদ্ধান্তের সাথে একমত না হওয়ার কারণ বা কারণগুলি তোমাকে জানাতে হবে।

আপিল চলাকালীন তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত EU+ দেশে কেন তোমাকে স্থানান্তর করা উচিত নয় তার কারণও তোমাকে জানাতে হবে।

**1 মাসের** মধ্যে তোমার আপিল চলাকালীন তুমি এই দেশে আপিলের ফলাফলের জন্য অপেক্ষা করতে পারো কিনা তা আদালত প্রথমে সিদ্ধান্ত নেবে। যদি আদালত সম্মত হয়, তবে এটি প্রত্যর্পণ সিদ্ধান্তের বিরুদ্ধে দায়ের করা আপিলের স্থগিতাদেশ দেবে।

যদি আদালত ঠিক করে যে তুমি এই দেশে আপিলের ফলাফলের জন্য অপেক্ষা করতে পারবে না, তাহলে তোমাকে সেই EU+ দেশে ট্রান্সফার করা হবে যা তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বশীল, আপিল চলাকালীন সময়ে।

যদি আদালত ঠিক করে যে তোমাকে এই দেশে থাকতে দেওয়া উচিত আপিল চলাকালীন সময়ে, তাহলে আদালত চেষ্টা করবে 1 মাসের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত দিতে যে তোমাকে সেই EU+ দেশে ট্রান্সফার করা উচিত কিনা যা তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বশীল, সাসপেনসিভ এফেক্টের সিদ্ধান্তের তারিখ থেকে।

যদি তোমার আপিল গ্রহণ না হয়, এবং কোনও রায়ে উপনীত না হওয়া যায়, তাহলে তোমাকে সেই EU+ দেশে স্থানান্তর করা হবে যেটি তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত। স্থানান্তর করার চূড়ান্ত সিদ্ধান্তের তারিখ থেকে 6 মাসের মধ্যে সেটি হওয়া উচিত।

যদি তুমি বর্তমানে ডিটেনশন এ থাকো বা ভবিষ্যতে ডিটেনশন করা হয়, তোমার কেস জরুরী ভিত্তিতে প্রক্রিয়াকরণ করা হবে। তোমার স্থানান্তর 5 সপ্তাহের মধ্যে আয়োজন করা উচিত। যদি ট্রান্সফার 5 সপ্তাহের মধ্যে করা না হয়, তোমাকে ডিটেনশন থেকে মুক্তি দেওয়া হবে। তবে, তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত EU+ দেশটি সেই অনুরোধ গ্রহণের তারিখ থেকে 6 মাসের মধ্যে তোমার স্থানান্তরের ব্যবস্থা করা হবে।

**গুরুত্বপূর্ণ!** তোমাকে কর্তৃপক্ষের সাথে সহযোগিতা করতে হবে এবং সেই EU+ দেশে যাত্রা করতে হবে যেটি তোমার আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত ।

## কোন কোন ব্যক্তিগত ডেটা সংগ্রহ করা হবে?

যে EU+ দেশে তুমি আছো সেখানে অফিসাররা কিছু তথ্য সংগ্রহ করবে, যার মধ্যে নিচেরগুলো থাকবে:

- তোমার ব্যক্তিগত তথ্য এবং যারা তোমার সঙ্গে ভ্রমণ করছে তাদের তথ্য (নাম, জাতীয়তা, জন্ম তারিখ এবং জন্মস্থান)। যদি আগে তুমি ভিন্ন নাম বা তথ্য ব্যবহার করে থাকো, তারা সেই সম্পর্কে তোমার কাছে জিজ্ঞেস করবে।
- তোমার পরিচয় এবং ভ্রমণ সংক্রান্ত নথি সম্পর্কিত তথ্য।
- অন্যান্য কোনো তথ্য যা তোমার পরিচয় নিশ্চিত করতে পারে, যেমন তোমার আঙ্গুলের ছাপ।
- যে কোনো পরিবারের সদস্যদের সম্পর্কে তথ্য যারা অন্য কোনো EU+ দেশে থাকে, যেমন তাদের ব্যক্তিগত তথ্য, শেষবার কখন যোগাযোগ করেছিলে, তাদের অবস্থান এবং তাদের আইনি স্থিতি।
- যদি প্রযোজ্য হয়, তোমার কাছে থাকা কোনো নথির বিবরণ যা তোমাকে EU+ দেশে থাকার অনুমতি দিয়েছে।
- যে নথিগুলো দেখায় তুমি EU+ দেশে এক বছরের বেশি সময় পড়াশোনা করেছো, সেসবের তথ্য।
- তুমি কোন কোন দেশের মধ্য দিয়ে এই দেশে পৌঁছেছো, তার তথ্য।
- তোমার ব্যক্তিগত পরিস্থিতি।
- আন্তর্জাতিক সুরক্ষার জন্য পূর্ববর্তী যেকোনো আবেদনের তারিখ এবং সেই আবেদনগুলির ফলাফল ।

# তোমার ব্যক্তিগত তথ্যের ক্ষেত্রে তোমার অধিকার কী থাকবে?

তোমার অধিকার আছে যে তুমি কর্তৃপক্ষকে দেওয়া যে কোনো তথ্য দেখতে পারো। যদি তুমি মনে করো তোমার কোনো ব্যক্তিগত তথ্য সঠিক নয় বা আইনমতো প্রক্রিয়াকরণ হয়নি, তুমি ডেটা কন্ট্রোলারের সঙ্গে যোগাযোগ করে নিজের ব্যক্তিগত তথ্য দেখার অনুরোধ করতে পারো, ভুল তথ্য সংশোধন করার বা আইনবিরুদ্ধ ভাবে প্রক্রিয়াকৃত তথ্য মুছে দেওয়ার জন্য।

তুমি এই দেশের ডেটা কন্ট্রোলারের সঙ্গে নিচের তথ্য ব্যবহার করে যোগাযোগ করতে পারো।

*Bundesamt für Migration und Flüchtlinge*
*Referat LS3*
*Frankenstraße 210, 90461 Nürnberg*

*Telefon: +49 911 943-0*
*E-Mail: poststelle@bamf.bund.de*

*এছাড়াও, সাধারণ ডেটা সুরক্ষা প্রবিধান (GDPR)-এর ধারা 77 এবং 13(2)(d) অনুসারে, তোমার ডেটা সুরক্ষা তত্ত্বাবধায়ক কর্তৃপক্ষের কাছে অভিযোগ দায়ের করার অধিকার রয়েছে:*

*Bundesbeauftragter für den Datenschutz und die Informationsfreiheit*
*Husarenstr. 30, 53117 Bonn*

এই পুস্তিকাটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপাদানের মূল অংশ প্রদান করেছে, এবং এই পুস্তিকাটির পুনরুৎপাদন এবং পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলির জন্য EUAA দ্বারা অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই পুস্তিকায় অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। এই পুস্তিকাটিতে প্রাপ্ত তথ্য ব্যবহারের জন্য EUAA বা EUAA-এর পক্ষে কর্মরত কোনও ব্যক্তি দায়ী নন।

© ইউরোপীয় ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025